

## 💵 মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ৪৭৩ [আন্তর্জাতিক নাম্বারঃ ৮৪৪]

১০. কিতাবুল আযান (کتاب الأذان)

পরিচ্ছেদঃ নামায শেষে যিকির

باب الذِّكْرِ بَعْدَ الصَّلاَةِ

## আরবী

الله عَنِ الْمُغِيرَةِ بْنِ شُعْبَةَ: أَنَّ النَّبِيَّ كَانَ يَقُولُ فِي دُبُرِ كُلِّ صَلَاةٍ مَكْتُوبَةٍ لا إِلَهَ إِلا اللهُ وَحُدَهُ لا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ. اللَّهُمَّ لا مَانِعَ لِمَا اللَّهُ وَحْدَهُ لا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُو عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ. اللَّهُمَّ لا مَانِعَ لِمَا أَعْطَيْتَ، وَلا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ. (بخارى: اللهَ

## বাংলা

৪৭৩) মুগীরা ইবনে শু'বা (রাঃ) হতে বর্ণিত, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রত্যেক ফর্য নামাযের পর পাঠ করতেনঃ

لَا إِلَهَ إِلَّا اللَّهُ وَحْدَهُ لَا شَرِيكَ لَهُ لَهُ الْمُلْكُ وَلَهُ الْحَمْدُ وَهُوَ عَلَى كُلِّ شَيْءٍ قَدِيرٌ اللَّهُمَّ لَا مَانِعَ لِمَا أَعْطَيْتَ وَلَا مُعْطِيَ لِمَا مَنَعْتَ وَلَا يَنْفَعُ ذَا الْجَدِّ مِنْكَ الْجَدُّ

"এক মাত্র আল্লাহ ছাড়া কোন সত্য উপাস্য নেই তিনি এক তাঁর কোন শরীক নেই। মালিকানা তাঁরই সমুদয় প্রশংসা তাঁরই জন্য। সকল বিষয়ের উপর তিনি ক্ষমতাবান। হে আল্লাহ! আপনি যা দান করেন তার রোধকারী কেউ নেই এবং আপনি যা রোধ করেন তা দানকারী কেউ নেই। আর কোন মর্যাদাবানকে তার মর্যাদা (ধনীকে তার ধন-সম্পদ) আপনার নিকট কোন উপকার করতে পারবে না। (সৎ আমলই কেবল তার উপকারে আসতে পারে)

টিকাঃ কিয়ামতের দিন ঈমান ও সৎ আমলই মানুষের উপকারে আসবে। ধনীর ধন ও মর্যাবানের মর্যাদা আল্লাহর শাস্তি প্রতিহত করতে পারবেনা।

## হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী 🛘 বর্ণনাকারীঃ মুগীরা ইবনু শু'বা (রাঃ)



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন